# পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম

**সমস্যা :** আমি একটি পিসি কিনতে চাই। নিচের কনফিগ অনুযায়ী পিসি তৈরি করলে কোনো সমস্যায় পড়তে হবে কি না? পিসি দিয়ে যেসব কাজ করা হবে– ১. প্রোগ্রামিং, ২. ওয়েব ডিজাইন, ৩. ফটোশপ চালানো, ৪. এইচডি মুভি দেখা, ৫. অল্প গেম ও নেট চালানো। এখন আমার প্রশ্ন নিচের কনফিগারেশনের পিসি দিয়ে এসব কাজ করা যাবে কি না?

ইন্টেল কোরআই৩ ৪১৩০ (ফোর্থ জেনারেশন) প্রসেসর, গিগাবাইট বি৮৫এম-এইচডি৩ (ফোর্থ জেনারেশন) মাদারবোর্ড, ট্রান্সসেন্ড ৪ গিগাবাইট ১৬০০ বাসস্পিড ডিডিআর৩, গিগাবাইট এইচডি ৬৬৭০ ডিডিআর৩ ১ গিগাবাইট গ্রাফিক্স কার্ড, ওয়েস্টার্ন ডিজিটাল ৫০০ গিগাবাইট, ৭২০০ আরপিএম হার্ডডিস্ক, আসুস ২৪এক্স ডিভিডি রাইটার অপটিক্যাল ড্রাইভ, কেওয়ার্ল্ড এক্সটার্নাল টিভিবক্স ১৯০০এক্স (এসএ ২৩৩), মনিটর স্যামসাং এলইডি এলসিডি ১৮.৫ ইঞ্চি এবং করসায়ার ৪৫০ভিএস (৪৫০ ওয়াট) পাওয়ার সাপ্লাই ইউনিট।

**–মোহাম্মদ আসিফ**

**সমাধান :** আপনার বানানো পিসির কনফিগারেশন তালিকা দিয়ে যে পিসি বানানো হবে, তাতে আপনার উল্লিখিত কাজগুলো খুব সহজেই করতে পারবেন। যদি প্রসেসর কোরআই৫ নিতে পারেন তবে বেশ ভালো হয়। এর সাথে যদি র‌্যামের পরিমাণ ৮ বা (৪ বাই ২) করতে পারেন, তবে সোনায় সোহাগা। ভবিষ্যতের কথা মাথায় রেখে পাওয়ার সাপ্লাই ইউনিট ৫০০-৬০০ ওয়াটের কিনে রাখলে ভালো হবে। তাহলে পরে যদি গ্রাফিক্স কার্ড আপডেট করেন, তখন আর পিএসইউ বদলাতে হবে না। লেটেস্ট গেমগুলো খেলতে চাইলে সে অনুযায়ী আপনার পিসির গ্রাফিক্স কার্ডটি মধ্যম মানের। যে কনফিগারেশন আছে তাই কিনে নিতে পারেন। যদি বাজেট বেশি থাকে, তবে উল্লিখিত আপগ্রেড করে নিলে পিসি অনেক দিন ধরে ব্যবহার করতে পারবেন। মোটামুটি ২-৩ বছরের মধ্যে আপডেট করার প্রয়োজন পড়বে না।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হচ্ছে ইন্টেল পেন্টিয়াম ডুয়াল কোর ২.৯০ গিগাহার্টজ প্রসেসর, করসায়ার ৪ গিগাবাইট ডিডিআর৩ ১৬০০ বাসস্পিড র‌্যাম, ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক ও উইন্ডোজ সেভেন ৬৪ বিট। আমার সমস্যা হচ্ছে অ্যাসাসিনস ক্রিড রেভেলুশন ও অ্যাসাসিনস ক্রিড ৩– এই দুটি গেমের ভয়েস সাউন্ড শোনা যায় না, কিন্তু মিউজিক ও অন্যান্য এক্সএফএস সাউন্ড শোনা যায়। আমার আগের উইন্ডোজে এ সমস্যা ছিল বলে তা পরিবর্তন করেছিলাম, কিন্তু বর্তমান উইন্ডোজেও একই সমস্যা। একই গেম আমার বন্ধুরা খেলছে, কোনো সমস্যা ছাড়া এবং বর্তমান উইন্ডোজ ছাড়া আগের উইন্ডোজেও ভালোমতো চলত। গেমের কোনো ফাইলও ডিলিট হয়নি। সব ড্রাইভারও রিইনস্টল করেছি, কিন্তু কোনো কাজ হয়নি। আপনাদের সফটওয়্যারের কারুকাজ বিভাগে কীভাবে লেখা পাঠাব? এ দুটি বিষয় জানালে উপকৃত হব।

**–অনুরাগ সাহা, ঢাকা**

**সমাধান :** এ ধরনের সমস্যার কারণ হচ্ছে সাউন্ড এক্সেলারেশনের সাথে কনফ্লিক্ট। সমস্যা থেকে মুক্তি পেতে নিচের ধাপগুলো অনুসরণ করুন– Start→run→(টাইপ করুন) DXdiag এবং এন্টার চাপুন। এরপর সাউন্ড ট্যাবে গিয়ে সাউন্ড এক্সেলারেশনের সবগুলো পয়েন্ট ডাউন করে দিন। এরপর পিসি রিস্টার্ট করে গেম খেলে দেখুন সমস্যার সমাধান হয়েছে কি না। যদি রিয়েলটেক হাই ডেফিনেশন অডিও, সাউন্ডম্যাক্স এইচডি অডিও বা এনফোর্স অডিও এগুলোর কোনোটি ব্যবহার করে থাকেন, তবে এ ধরনের সমস্যা হতে পারে। এ সমস্যা দূর করার জন্য Control Panel→Sounds and Audio Devices→Audio Tab→Advanced→ Performance Tab-এ গিয়ে সেখানকার হার্ডওয়্যার এক্সেলারেশন স্লাইডার বেসিক করে দিন।

সফটওয়্যারের কারুকাজ বিভাগে লেখা পাঠানোর জন্য কমপিউটার জগৎ-এর মেইলিং অ্যাড্রেস বা ই-মেইল অ্যাড্রেসে পাঠালেই হবে। চিঠি পাঠালে খামের ওপরে সফটওয়্যারের কারুকাজ লিখে পাঠান।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হচ্ছে ইন্টেল ডুয়াল কোর ২.৮০ গিগাহার্টজ (থার্ড জেনারেশন) প্রসেসর, ইন্টেল ডিএইচ৬১এইচও মাদারবোর্ড, ২ গিগাবাইট ডিডিআর৩ ১৩৩৩ বাস স্পিড র‌্যাম, ৫০০ গিগাবাইট সাটা ৭২০০ আরপিএম হার্ডডিস্ক। সমস্যা হচ্ছে আমার পিসিটি চালু হচ্ছে না। পাওয়ার বাটন চাপলে নিম্নোক্ত মেসেজ দেখায়।

Windows Error Recovery
Windows Failed to start. A recent hardware or software change might be the use.
Windows files have been damaged or configured incorrectly, startup Repair..........................................
Launch Startup Repair (recommended)
Start windows normally
Description: Start windows with its regular settings.

এখান থেকে Launch Startup Repair (recommended) চাপলে শুধু ধূসর পর্দা দেখায়। আর Start windows normally চাপলে নিম্নের মেসেজ দেখায়।

Windows Error Recovery
Windows Failed to start. A recent hardware or software change might be the use. To fix the problem:
1. Insert your windows installation disc and restart your computer
2. Choose your language setting, and then click next.
3. Click Repair your computer.
Status : 0xc000000e
Info : The boot selection failed because a required device is inaccessible.

উল্লেখ্য, এই মেসেজগুলো দেখানোর সময় কোনো ধরনের বিপ বা শব্দ হয় না। আমি এখন কী করতে পারি?

**–মো: মোস্তাফিজুর রহমান, ঢাকা**

**সমাধান :** আপনি এ সমস্যা শুরু হওয়ার আগে পিসিতে কোনো প্রোগ্রাম বা সফটওয়্যার ইনস্টল করেছিলেন, যার ফলে এ সমস্যা দেখা দিতে পারে। এ সমস্যা দূর করার জন্য সেফ মোডে উইন্ডোজে ঢুকতে হবে। সেফ মোডে উইন্ডোজে ঢোকার জন্য পিসি চালু করে এফ৮ বাটন চাপুন। এতে একটি লিস্ট আসবে, সেখান থেকে সেফ মোড উইথ নেটওয়ার্কিং নির্বাচন করে এন্টার চাপুন। বেশ কিছু সময় নেবে উইন্ডোজ লগইন করতে। উইন্ডোজে লগইন করার পর এ সমস্যা দেখা দেয়ার আগে ইনস্টল করা সফটওয়্যার, প্রোগ্রাম বা ড্রাইভার আনইনস্টল করে দিন। এরপর পিসি রিস্টার্ট করে নরমাল মোডে উইন্ডোজে লগইন করে দেখুন ঠিক হয়েছে কি না।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হচ্ছে ইন্টেল কোরআই৫ প্রসেসর, এসার ভেরিটন এম৪৯০জি মাদারবোর্ড ও ৪ (২ বাই ২) গিগাইবাইট র‌্যাম। আমি উইন্ডোজ ৮.১ ব্যবহার করি। আমি ১২-১৩ হাজার টাকার মধ্যে গেম খেলার জন্য গ্রাফিক্স কার্ড ও পাওয়ার সাপ্লাই ইউনিট কিনতে চাই। গ্রাফিক্স কার্ড ও পিএসইউর মডেলের নাম বললে উপকৃত হব।

**–সামিন ইয়াসির**

**সমাধান :** এই বাজেটের মধ্যে এএমডি রাডেওন আর৭ ২৬০এক্স ১ গিগাবাইট জিডিডিআর৫ (১০৮০০ টাকা) বা এএমডি রেডিওন আর৭ ২৬০এক্স ২ গিগাবাইট জিডিডিআর৫ ওভারক্লক এডিশন (১৩০০০ টাকা) কিনতে পারেন। সাথে ৫০০-৬০০ ওয়াটের পিএসইউ কিনে নিন। পিএসইউ কেনার জন্য আলাদা বাজেট করলে ভালো হয়। পিএসইউ কেনার সময় থার্মাল্টেক, অ্যানটেক, করসায়ার, কুলারমাস্টার ইত্যাদি ব্র্যান্ডের কিনতে পারেন কজ

***ফিডব্যাক : jhutjhamela24@gmail.com***